**সোনালী ব্যাংক পিএলসি**
রংপুর কর্পোরেট শাখা, রংপুর।

## অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধন ২০১০) এর ৩৩(৭) ধারায় ব্যাংকের মালিকানা প্রাপ্ত সম্পত্তি বিক্রয়ের

## "নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি, রংপুর কর্পোরেট শাখা, রংপুর এর খেলাপী ঋণগ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স এ.আর.বি ইন্টারন্যাশনাল এর ঋণের বিপরীতে ৩৩(৭) ধারায় ব্যাংকের মালিকানা প্রাপ্ত সম্পত্তি উক্ত ঋণ হিসাবের ৩০/০৬/২০২৫ তারিখ ভিত্তিক অনারোপিত সুদসহ মোট পাওনা টাকা=৯,৩০,৯৮,৬৫৭/- (নয় কোটি ত্রিশ লক্ষ আটানব্বই হাজার ছয়শত সাতান্ন) টাকা মাত্র মামলা ও অন্যান্য খরচ এবং আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর ৩৩(৭) ধারায় ব্যাংকের মালিকানা প্রাপ্ত সম্পত্তি নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন তফশীলভূক্ত সম্পত্তি বর্ণিত শর্তাদিতে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাইতেছে:

### সম্পত্তির তফশীলঃ

জেলাঃ রংপুর, থানাঃ রংপুর মহানগর সার্কেল, মৌজাঃ আরাজী মনখামার, জেএল নং- ১৪২

| খতিয়ান নং | | | | দাগ নং | | জমির পরিমান | সম্পত্তির প্রকৃতি |
|---|---|---|---|---|---|---|---|
| সি এস | এস এ/আর এস | আর এস | খারিজ | সাবেক | হাল | | |
| ১৪৬,২৩৯, ৩১,৩২ | ৩৫,৩৮,১৭৭, ২৩৯ | ১০৮,১৬,২০১,১৭৫ | ৮৫৬ | ১৬৬৫ | ৪২৫ | ১১.০০ শতক | ভিটা (আবাসিক |
| | | | | ১৬৬৬,১৬৬১ | ৪২৬ | ২০.০০ শতক | ডাঙ্গ (আবাসিক) |
| | | | | ১৬৫৮/১৮১১ | ৪২৯ | ৬.০০ শতক | ডাঙ্গা (আবাসিক |
| | | | | ১৬৫৮/১৮১২ | ৪৩০ | ১০.০০ শতক | ডাঙ্গা (আবাসি |
| | | | | ১৬৬২ | ৪২৭ | ২৬.৫০ শতক | ডাঙ্গা (আবাসি |
| | | | | ১৬৬৩,১৬৬৪ | ৪২৮ | ১৬.৫০ শতক | ডাঙ্গা (আবাসি |
| | | | | ১৮১২ | ৪৩৪ | ০২.০০ শতক | দলা (আবাসি |
| | | | | ১৬৫৭ | ৪৩৫ | ০২.০০ শতক | দলা (আবাসি |
| | | | | | মোট | ৯৪.০০ শতক | |

মোট ৯৪.০০ (চুরানব্বই) শতক সম্পত্তি।

### শর্ত সমূহ ঃ

১। আগামী ১৫/০৯/২০২৫ ইং বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, রংপুর কর্পোরেট শাখা, রংপুর/জোনাল ম্যানেজার'স অফিস, রংপুরে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনেই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌঁছাইতে হইবে।

২। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে ৩৩(৭) ধারায় প্রাপ্ত সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

৩। দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| | আর্নেষ্ট মানি/জামানতের পরিমান | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক | উদ্বৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ | উদ্বৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ | উদ্বৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

৪। দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্বৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্বৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫। দরপত্রে উল্লেখিত মালামাল/তফসীলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৭। নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন করে দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৮। ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করে।

১০। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

(সাবেরা সুলতানা)
ডেপুটি জেনারেল ম্যানেজার(ইনচার্জ)
মোবাইল নম্বর-০১৭১৩২৭৪৪৯৩